# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 19-05-2025** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) অপারেশন সিন্দুরের প্রেক্ষাপটে সন্ত্রাসবাদের বিরুদ্ধে সরকারের অবস্থান স্পষ্ট করতে কেন্দ্রীয় প্রতিনিধি দলে তৃণমূল কংগ্রেস যোগ না দেওয়ার সিদ্ধান্তকে সমালোচনা করেছে বিজেপি।

জলপাইগুড়িতে আজ পালিত হয়েছে তিরঙ্গা যাত্রা।

২) তিনদিনের উত্তরবঙ্গ সফরের প্রথম দিনে মুখ্যমন্ত্রী আজ এক বাণিজ্য সম্মেলনে মতবিনিময় করেছেন।

৩) রাজ্যের অর্থ দফতর ৫ বছর বা তার বেশি সময় ধরে সরকারী বিভিন্ন প্রকল্পের খাতে পড়ে থাকা টাকা ফেরত নেওয়ার প্রক্রিয়া শুরু করেছে।

৪) বিকাশভবনের সামনে চাকরিহারা শিক্ষকদের আন্দোলনে বহিরাগতযোগ রয়েছে বলে অভিযোগ করেছেন মুখ্যমন্ত্রী, এই মন্তব্যের প্রতিবাদ জানিয়েছেন আন্দোলনকারীরা।

৫) টীটাগড়ে একটি ফ্ল্যাটে বিস্ফোরণের ঘটনায় গ্রেফতার এক তৃণমূল কংগ্রেস কাউন্সিলার সহ তিনজন।

৬) অনূর্দ্ধ-১৫ জুনিয়ার ক্রিকেট টুর্নামেন্টে চ্যাম্পিয়ান হয়েছে মোহনবাগান।

ooooooooooooooooooooo

অপারেশন সিন্দুরের প্রেক্ষাপটে সন্ত্রাসবাদের বিরুদ্ধে সরকারের অবস্থান স্পষ্ট করতে বিভিন্ন দেশে পাঠানো কেন্দ্রীয় প্রতিনিধি দলে তৃণমূল কংগ্রেস যোগ না দেওয়ার যে সিদ্ধান্ত নিয়েছে তার সমালোচনা করেছেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। এক ভিডিও বার্তায় তিনি বলেন, সরকার যখন আন্তর্জাতিক ক্ষেত্রে কোন সিদ্ধান্ত নেয়, সেখানে প্রত্যেকের উচিত, রাজনৈতিক মতাদর্শের ঊর্ধ্বে উঠে ভাবনা চিন্তা করা । এটি যেহেতু একটি সরকারী দল, সেক্ষেত্রে সদস্য নির্বাচনের ক্ষমতাও সরকারেরই রয়েছে।

(বাইট- সুকান্ত)

উল্লেখ্য, কেন্দ্রের এই কর্মসূচীতে পাশে থাকলেও সেখানে কোনো সদস্য না পাঠানোর কথা জানান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। কেন্দ্রীয় প্রতিনিধি দলে এর আগে তৃণমূল কংগ্রেস সাংসদ ইউসুফ পাঠানের নাম অন্তর্ভুক্ত করা হয়। এর প্রেক্ষিতে মুখ্যমন্ত্রী বলেন, দলের প্রতিনিধিত্ব কে করবেন , তা দলই স্থির করবে।

(বাইট – মুখ্যমন্ত্রী)

এদিকে, অপারেশন সিঁদুর এর সাফল্য সেনাবাহিনীর বীর জওয়ান দের কুর্নিশ জানিয়ে অভিনেতা খরাজ মুখোপাধ্যায় বলেন, এই অভিযানে জাতি ধর্ম নির্বিশেষে সকলেই গর্বিত। পাহেলগাঁওতে যে ঘটনা ঘটেছে তার পুনরাবৃত্তি যাতে আর না হয় সে প্রার্থনাও করেন তিনি।

(বাইট- খরাজ)

অপারেশন সিন্দুরের সাফল্যে ভারতীয় সেনাবাহিনী ও প্রধানমন্ত্রীকে ধন্যবাদ এবং অভিনন্দন জানিয়ে বিজেপি আজ জলপাইগুড়িতে তিরঙ্গা যাত্রা করে। বানারহাটে এই তিরঙ্গা যাত্রায় অংশ নিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, উত্তরবঙ্গের প্রতিটি মানুষ রাষ্ট্রবাদী। ২০১৪সাল থেকে তারা প্রধানমন্ত্রীর হাত শক্তিশালী করছে। শ্রী অধিকারী জানান, অনেকে চিকেন নেক নিয়ে বিভিন্ন মন্তব্য করে। তাই এই তিরাঙ্গা যাত্রায় বিশেষ উৎসাহ দেখা গেছে। আলিপুরদুয়ারের সাংসদ মনোজ

টিস্তা,জলপাইগুড়ি সাংসদ জয়ন্ত রায় এবং বিধায়ক দীপক বর্মন ও বিশাল লামা সহ দলীয় নেতৃত্ব এই তিরাঙ্গা যাত্রায় অংশ নেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

তিনদিনের উত্তরবঙ্গ সফরের প্রথম দিনেই মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ শিলিগুড়ির দীনবন্ধু মঞ্চে উত্তরবঙ্গ বাণিজ্য সম্মেলনে যোগ দেন। রাজ্যে শিল্প ও বাণিজ্য ক্ষেত্রে উত্তরবঙ্গের সম্ভাবনা নিয়ে স্থানীয় ব্যবসায়ী, শিল্পপতি এবং প্রশাসনিক কর্তা-ব্যক্তিদের সঙ্গে কথা বলেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, ওই অঞ্চলের অর্থনৈতিক বিকাশ ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষে রাজ্য সরকার একাধিক প্রকল্প ও বিনিয়োগ পরিকল্পনা গ্রহণ করেছে। পরিকাঠামো, পর্যটন ও কৃষিভিত্তিক শিল্পে আলাদা করে বিশেষ জোর দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী বৈঠকে উল্লেখ করেন ।

এদিকে, মুখ্যমন্ত্রীর আজকের কর্মসূচী চলাকালীন শিলিগুড়ি আদালতে আইনজীবীদের একাংশ পুরনো কোর্ট বিল্ডিং নির্মাণের দাবিতে প্ল্যাকার্ড হাতে নিজেদের দাবি তুলে ধরেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরকন্যায় রাত্রিবাসের পরে আগামীকাল জলপাইগুড়ির ফুলবাড়ির ভিডিওকন গ্রাউন্ডে আয়োজিত এক সরকারী অনুষ্ঠানের মঞ্চ থেকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী রাজ্য সরকারের বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পের সুবিধা প্রাপকদের হাতে তুলে দেবেন। এছাড়াও বিভিন্ন জেলায় একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন তিনি।

বুধবার উত্তরকন্যায় সব জেলা প্রশাসনের শীর্ষ আধিকারিকদের নিয়ে মুখ্যমন্ত্রী প্রশাসনিক পর্যালোচনা বৈঠকে অংশ নেবেন। বৃহস্পতিবার তাঁর কলকাতায় ফেরার কথা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সরকারী কর্মচারীদের বকেয়া মহার্ঘ্যভাতার ২৫ শতাংশ অর্থ ৬ সপ্তাহের মধ্যে মিটিয়ে দেওয়া নিয়ে সুপ্রিম কোর্ট যে রায় দিয়েছে, তা নিয়ে মুখ্যমন্ত্রী কোন মন্তব্য করতে চাননি। উত্তরবঙ্গ সফরে রওনা হওয়ার আগে আজ তিনি বলেন, আইন মেনেই সব কাজ করা হবে।

এদিকে, মুখ্যমন্ত্রীর এই আচরণের সমালোচনা করে সংগ্রামী যৌথ মঞ্চের আহ্বায়ক ভাস্কর ঘোষ বলেন, গণতান্ত্রিক নিয়ম মেনেই নির্দিষ্ট সময়ে মহার্ঘ্যভাতা মিটিয়ে দেওয়া রাজ্য সরকারের কর্তব্য।

(বাইট – ভাস্কর ঘোষ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের অর্থ দফতর পাঁচ বছর বা তার বেশি সময় ধরে সরকারি প্রকল্পের খাতে পড়ে থাকা টাকা ফেরত নেওয়ার প্রক্রিয়া শুরু করেছে। সম্প্রতি জারি করা এক নির্দেশিকায়, ৩১ মের মধ্যে বিভিন্ন দপ্তরের ডিপোজিট অ্যাকাউন্টে জমে থাকা অব্যবহৃত অর্থ ফেরত পাঠাতে বলা হয়েছে। প্রতিবছর নির্দিষ্ট কাজের জন্য বরাদ্দ অর্থ নির্ধারিত সময়ের মধ্যে ব্যবহার না হলে, তা এলএফ, পিএল প্রভৃতি ডিপোজিট অ্যাকাউন্টে জমা রেখে দেওয়ার প্রবণতা গড়ে উঠেছে। সেই টাকাকে ফিক্সড ডিপোজিটে রেখে সুদের মাধ্যমে তা অন্য খাতে খরচ করার নজিরও রয়েছে। এই অব্যবহারজনিত অর্থ আটকে থাকার প্রবণতা রুখতে রাজ্য সরকার ২০১৭ সাল থেকেই বিভিন্ন দফায় নির্দেশিকা জারি করে আসছে।

এবার সেই প্রক্রিয়াকে আরও জোরালো করতে অর্থ দফতর জানিয়েছে—২০০০ সালের মার্চ বা তার আগে থেকে যে অর্থ পড়ে রয়েছে এবং কাজে লাগানো হয়নি, তা নির্দিষ্ট বয়ানে তথ্য সহ ফেরত দিতে হবে। তবে কিছু ক্ষেত্র, যেমন বিধায়ক ও সাংসদের তহবিল, আরআইডিএফের প্রকল্প বা জমি কেনার জন্য বরাদ্দ অর্থ—এই সিদ্ধান্তের বাইরে রাখা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিকাশভবনের সামনে চাকরিহারা শিক্ষক-শিক্ষিকাদের চলতি আন্দোলনে কোন দিশা নেই বলে মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। আজ উত্তর ২৪ পরগনার ব্যারাকপুরে সাংবাদিকদের তিনি বলেন, ফের পরীক্ষায় না বসে স্কুলে কাজ চালিয়ে যাওয়ার বিষয়ে কোন দাবি লিখিতভাবে আন্দোলনকারীদের পক্ষ থেকে তাঁর কাছে আসেনি। সুপ্রিম কোর্টের নির্দেশ অবহেলা করে অচলাবস্থা তৈরি করা কাঙ্খিত নয় বলে মন্তব্য করেন শিক্ষামন্ত্রী।

এর আগে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সরকারের প্রতি আস্থা রাখার জন্য আবারও চাকরিহারাদের কাছে আর্জি জানান। একই সঙ্গে আন্দোলনকারীদের নিজের সীমা রেখাও স্মরণ করিয়ে দেওয়ার পাশাপাশি এই আন্দোলনে বহিরাগত উস্কানির অভিযোগ তোলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

শিক্ষকদের আন্দোলনে বাইরের লোকেরা আছে বলে মুখ্যমন্ত্রী যে মন্তব্য করেছেন, তার প্রতিবাদ জানিয়েছেন চাকরি হারানো শিক্ষক, শিক্ষিকারা। যোগ্য শিক্ষক শিক্ষিকা অধিকার মঞ্চের আহ্বায়ক চিন্ময় মন্ডল জানান, মুখ্যমন্ত্রীর উচিত আন্দোলনের প্রতি সমব্যথী

হওয়া। যদি এখানে বাইরের কেউ থাকেন, তাঁরা শিক্ষক, শিক্ষিকাদের পরিবারের লোক। তাঁরা আন্দোলনকে হিংসাত্মক পথে নিয়ে যাচ্ছেন না বলে দাবি করেন আন্দোলনকারীরা। চিন্ময়ের বক্তব্য, সরকার তাঁদের চাকরি বাঁচাতে কি পদক্ষেপ করছে এ ব্যাপারে মুখ্যমন্ত্রী কিংবা শিক্ষামন্ত্রী স্পষ্ট করে জানান।

oooooooooooooooooooooo

উত্তর ২৪ পরগনার টিটাগড়ে বহুতল আবাসনের চিলে কোঠায় বিস্ফোরণের ঘটনায় এক তৃণমূল কংগ্রেস কাউন্সিলার সহ তিনজনকে পুলিশ গ্রেফতার করেছে। চার নম্বর ওয়ার্ডের তৃণমূল কংগ্রেস কাউন্সিলার আরমান মন্ডল ওরফে মহম্মদ রিয়াজউদ্দিন ছাড়াও আরশাদ খান এবং মহম্মদ শারুখকেও এই ঘটনায় জড়িত থাকার অভিযোগে গ্রেফতার করা হয়। আগেই জানানো হয়েছে, আজ সকালের ওই বিস্ফোরণে গোটা এলাকা কেঁপে ওঠে। ব্যারাকপুর পুলিশ কমিশনারেটের ডিসি সেন্ট্রাল ইন্দ্রবদন ঝা সাংবাদিকদের জানান, ফরেন্সিক টিম ঘটনাস্থলে গিয়ে তদন্ত করবে।

oooooooooooooooooooooooo

অমৃত ভারত স্টেশন প্রকল্পের অধীনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামী ২২শে মে দেশ জুড়ে ১০৩ টি রেল স্টেশনের আধুনিক সুযোগ সুবিধা জাতির উদ্দেশে উৎসর্গ করার যে কর্মসুচি রয়েছে তার মধ্যে পূর্ব রেলের আসানসোল ডিভিশনের পানাগড় স্টেশন রয়েছে। এই দফায় স্টেশনের আধুনিকীকরণের সব কাজ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে বলে আসানসোল ডিভিশনের জন সংযোগ আধিকারিক বিপ্লব বাউড়ি জানিয়েছেন।

(বাইট- বিল্পব বাউড়ি)

উল্লেখ্য, ওই দিন পশ্চিমবঙ্গে পূর্ব রেলের দুটি কল্যানী ঘোষপাড়া ও পানাগড় এবং দক্ষিণ পূর্ব রেলের একটি জয়চন্ডি পাহাড় স্টেশনের ব্যবস্থাপনা সাধারনের জন্য খুলে দেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

শীতলকুচির কৃষক উকিল বর্মনের ছেলে পরিতোষ বর্মনকে কোচবিহার মেডিকেল কলেজের ঠিকাদারের অধিনে সুপাইভাইসার পদে নিয়োগ করেছে রাজ্য সরকার। গত ১৬ই এপ্রিল উকিল বর্মনকে নিজের কৃষি জমি থেকে তুলে নিয়ে যায় বাংলাদেশের দুস্কৃতিরা। ২৯ দিন বাংলাদেশের জেলে থাকার পর বি এস এফের উদ্যোগে অবশেষে মুক্তি পেয়েছেন তিনি। তবে কাটা তারের বেড়ার ওপারে থাকা কৃষি জমিতে আর চাষ করতে চাননা তাঁরা। সে কারণেই রাজ্য সরকারের এই সিদ্ধান্ত বলে জানিয়েছেন কোচবিহার জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি তথা কোচবিহার মেডিকেল কলেজের রোগী কল্যান সমিতির সদস্য অভিজিৎ দে ভৌমিক।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বঙ্গোপসাগর থেকে সরাসরি দক্ষিণা বাতাসের আগমন এবং বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় আজও কলকাতা সহ রাজ্যের সর্বত্র বৃষ্টির পূর্বাভাস রয়েছে। উত্তরবঙ্গের দার্জিলিং, মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুরে ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা থাকায় কমলা সতর্কতা জারি করা হয়েছে । আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত আকাশবাণীকে জানিয়েছেন, আগামীকালও উত্তরবঙ্গের প্রায় সব জেলাতেই ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

এদিকে, মেঘলা আকাশ ও বিক্ষিপ্ত বৃষ্টির জেরে দক্ষিনবঙ্গের সর্বত্রই তাপমাত্রা কিছুটা কমেছে।

ooooooooooooooooooooooo

সিএবির অনূর্ধ্ব-১৫ জুনিয়র ক্রিকেট টুর্নামেন্টের চ্যাম্পিয়ন হয়েছে মোহনবাগান। আজ ফাইনালে সম্বরন ক্রিকেট একাডেমিকে ৭ উইকেটে হারিয়ে দেয় মোহনবাগান। যাদবপুরের সল্টলেক ক্যাম্পাসে দ্বিতীয় দিনে ৭৯ রান তাড়া করে মোহনবাগান ১৪ ওভার ৩বলে তিন উইকেটে ৮১ রান তোলে।

মোহনবাগানের দিতিরাজ নাথ ৪০ বলে ৪২ করেছে। সম্বরন ক্রিকেট একাডেমির হয়ে ত্রিপর্ণ সামন্ত, শ্রেয়ান চৌধুরী, শচীন একটি করে উইকেট নিয়েছে।

প্রথম দিনে, সম্বরন ক্রিকেট একাডেমি ৭৮ রানে অলআউট হয়ে গিয়েছিল। মোহনবাগানের হয়ে মোহাম্মদ জিশান খান ৩-টি, অরিত্র দেবনাথ ২টি উইকেট নিয়েছে। বৃষ্টির কারণে ম্যাচটি ৬৫ ওভারে নামিয়ে আনা হয়েছিল।

ooooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooooo